রেজিষ্টার নং ৩৫ Registered No. 35 রেজিষ্টার নং ৩৫

অ[illegible]িকা

Srimati Mahranee Swarnamoyi,
Kasimbazar, Dak Berham[illegible]

SERAMPORE

মূল্যঃ—অগ্রিম বার্ষিক ৬৷৵০, ডাক মাশুল ১৷০, ষাণ্মাসিক ৩৷০, ডাক মাশুল ৸০, ত্রৈমাসিক ২।৵০, ডাক মাশুল ।৵০ আনা। অনগ্রিম বার্ষিক ৮৷০, ডাক মাশুল ১৷০ টাকা।
বিজ্ঞাপন প্রকাশের মূল্যঃ—প্রতি পংক্তি, প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বার ৵০, চতুর্থ ও ততোধিকবার ৴০ আনা।

৬ ভাগ } কলিকাতাঃ—১৭ই মাঘ, [illegible]বার, সন ১২৮০ সাল। ইং ২৯এ জানুয়ারি ১৮৭৪ খৃঃ অব্দ। } ৫১ সংখ্যা

বিজ্ঞাপন

—০০০—

কলিকাতা
বহুবাজার ষ্ট্রিট নং ৯

শ্রীযুক্ত হরিশ্চন্দ্র শর্ম্মার
ধাতু দৌর্ব্বল্যের মহৌষধ।

অনেক পুরুষ ও স্ত্রী ধাতু দৌর্ব্বল্য ও ইন্দ্রিয় শিথিলতা জন্য সর্ব্বদা মনঃ ক্লেশে কালযাপন করেন। কোন প্রকার চিকিৎসায় ফল প্রাপ্ত না হইয়া হতাশ্বাস হয়েন।

গরমীর পীড়া, শুক্রমেহ, অতিশয় শুক্র বায় ও অন্যান্য প্রকার অহিতাচরণে শরীর শীর্ণতা ও জীর্ণতা যুক্ত ধাতু অতিশয় দুর্ব্বল হয়, শুক্র পাতলা হয়, ধারণাশক্তি হ্রাস হয়, স্মরণ শক্তি কম হয় এবং তন্নিবন্ধন মন সর্ব্বদা স্ফূর্ত্তি বিহীন হইয়া থাকে।

ইহার উৎকৃষ্ট ঔষধ এখানে প্রস্তুত আছে। ইহা সেবন করিলে স্ফূর্ত্তি বিহীন মন ও শরীর স্ফূর্ত্তিযুক্ত হইবে, ধারণা-শক্তি বৃদ্ধি হইবে, শুক্র গাঢ় ও পরিমাণে বৃদ্ধি হইবে।

যাহারা এই মহৌষধ গ্রহণে ইচ্ছা করেন তাঁহারা এখানে উপস্থিত হইয়া চিকিৎসার ব্যবস্থা লইবেন কিম্বা পীড়ার অবস্থা বিস্তারিত রূপে লিখিবেন এবং ঔষধের মূল্য ইত্যাদির জন্য প্রথমতঃ ৫ পাঁচ টাকা পাঠাইবেন। রোগীর নাম, ধাম আমাদিগের দ্বারা প্রকাশের আশঙ্কা নাই।

যাঁহারা নাম অপ্রকাশ রাখিতে চাহেন, তাঁহারা কেবল রোগের বিস্তারিত অবস্থা ও ঔষধ পাঠাইবার ঠিকানা লিখিলে আমরা ঔষধ পাঠাইতে পারিব।

শূল বেদনা, মহাব্যাধি, ক্ষয়কাশ, গলগণ্ড, অর্শ, বহু মুত্র ও সকল প্রকার উপদংশ রোগের ঔষধ এখানে প্রস্তুত আছে।

শ্রীযুক্ত হরিশ্চন্দ্র শর্ম্মার হেয়ার প্রিজারভার।

নিয়ম মত কিছুদিন ব্যবহার করিলে যুবা ও মধ্যবয়স্ক ব্যক্তিদিগের আর শুক্লবর্ণ চুল থাকিবে না। চুল ঘন ও পুষ্ট হইবে এবং মস্তকের চর্ম্ম প্রকৃতাবস্থা প্রাপ্ত হইবে।

ইহার প্রতি শিশির মূল্য „ „ ১ টাকা
ডাক মাশুল ইত্যাদি „ „ „ „ ৷০ আনা।

শ্রীযুক্ত হরিশ্চন্দ্র শর্ম্মার হিমসাগর তৈল।

যাঁহারা অতিশয় অধ্যয়ন ও মানসিক চিন্তা জন্য মাথার বেদনায় ও অবসন্নতায় কাতর [illegible] তাহাদিগের পক্ষে ও বায়ু প্রধান ধাতুর পক্ষে এই তৈল অতীব উপকারী।

ইহার প্রতি শিশির মূল্য „ „ ১ টাকা
ডাক মাশুলইত্যাদি „ „ „ ৷০ আনা।

শ্রীযুক্ত হরিশ্চন্দ্র শর্ম্মার কলেরা ক্যাম্ফার।

ইহা এদেশীয় ওলাউঠা রোগের অতীব উৎকৃষ্ট ঔষধ। মাত্রা এক বিন্দু হইতে ২০ বিশ বিন্দু পর্য্যন্ত।

ইহার আউন্স শিশির মূল্য ৷০ আনা
ডাক মাশুল ইত্যাদি ।৴০ আনা।

হেয়ার প্রিজারভার, হিমসাগর তৈল ও কলেরা [illegible]ার নিম্নলিখিত স্থানে পাওয়া যায়।

বহুবাজার ৯২ নম্বরের বাটী ওরিয়েণ্টাল এপথিক্যাহল, দাস সরকার এণ্ড কোম্পানির নিকট ও [illegible] স্কয়ার ১৪ নম্বরের বাটী মোহালানবিশ এণ্ড কোম্পানির নিকট। এবং চিতপুর রোড ২৮৩ নম্বরের বাটী, ইউনিভারস্যাল মেডিকাল হলে তত্ত করিলে পাওয়া যাইবে।

রাজা স্যার রাধাকান্ত দেব বাহাদুরের
শব্দ কল্পদ্রুম।
দ্বিতীয়বার মুদ্রিত।

বাঙ্গালা অক্ষরে প্রথম সংখ্যা প্রকাশিত হইয়াছে মূল্য ১ টাকা, ডাক মাসুল ৴০ আনা। প্রতি মাসে এক এক খণ্ড প্রকাশ হইবেক। দেবনাগরাক্ষরে শীঘ্রই প্রকাশ হইবেক।

শ্রীবরদাকান্ত মিত্র কোং,
কলিকাতা শোভাবাজার রাজবাটী।

বিদ্যাপতি।

মহাজন পদাবলী সংগ্রহ ১ম ভাগ, বিদ্যাপতি চণ্ডীদাসের জীবনী, গ্রন্থ সমালোচনা এবং বিদ্যাপতির মূলগ্রন্থ সটীক, মূল্য ১৷০ ডাক মাশুল ৵০ আনা। কলিকাতা কালেজ ষ্ট্রীট ৫৪ নং দোকান শ্রীযুত কেদারনাথ চট্টোপাধ্যায় এবং কোর নিকট, কিম্বা যশোর বগচর শ্রীযুক্ত অভয়চরণ দের নিকট এবং অমৃতবাজার পত্রিকা আফিসে প্রাপ্তব্য।

B. M. SIRCAR'S ABROMA AUGUSTUM.

বাধক বেদনার মহৌষধ।

প্রায় এক বার সেবনেই যন্ত্রণা হইতে আরোগ্য লাভ হয় ও সন্তানোৎপত্তির ব্যাঘাত দূর করে।

উক্ত ঔষধ এবং সেবনের নিয়ম ডাক্তার ভুবন মোহন সরকারের নিকট কলিকাতা চোরবাগান মুক্তারাম বাবুর ষ্ট্রিট ৭৭নং ভবনে তত্ত করিলে প্রাপ্ত হইবেন।

মূল্য ৩৷০ টাকা মায় ডাকমাশুল।

ব, এম সরকার কোং চোরবাগান কলিকাতা।

উত্তম বেঙ্গল রম ৷ ডজন ৯।১ বোতল [illegible] হাইট [illegible]। ডিষ্টেলার শ্রীযুত ঈশ্বর চন্দ্র সাহা কোং সোল এজেণ্ট শ্রীযুত সাহা কোং ২৫ নং ডেলহৌস স্কয়ের কলিকাতা।

বিবাহের বিজ্ঞাপন।

ব্রাহ্মণ কন্যা হইবেক, বয়ঃক্রম দশ বৎসরের ন্যূন না হয়, এবং কুলীন কন্যা হইলে ভাল হয় কারণ আমি স্বয়ং কুলীন। বংশজ হয় তাহাতেও ক্ষতি নাই, কিন্তু সদ্‌বংশ জাতা হইবে। আগামী ফাল্গুণ তক বিবাহ কার্য্য সম্পন্ন করিতে হইবেক। আমি গবর্ণমেণ্ট সংক্রা[illegible] কর্ম্ম কাজ করি এবং কিছু জমিদারীও [illegible] তাহার বাৎস[illegible] আয় প্রায় ২০০০ [illegible] মুদ্রা। [illegible]য়ঃক্রম ২৭ সাতাইশ [illegible] সর। নিবাস [illegible] পাড়া যাঁহারা আমার বিষয় আর [illegible] গত হইতে চাহেন তাঁহারা নিম[illegible] স্থানে পত্র লিখিলে আমি পাইব।

শ্রীহ[illegible]
মোজাফরপুর, ত্রিহুত[illegible]

সংক্রামক জ্বরের মহৌষধ

সহস্র সহস্র পরীক্ষা দ্বারা এই ঔষধের গুণ পরীক্ষিত হইয়াছে। হুগলী ও বর্দ্ধমান প্রভৃতি সংক্রামক জ্বর প্রপীড়িত জেলায় ইহা বাহুল্য রূপ ব্যবহার হইতেছে। জ্বর, পীহা, যকৃৎ, শোথ প্রভৃতি যে সমস্ত পী[illegible] মেলেরিয়া [illegible] অতিরিক্ত কুইনাইন [illegible]। [illegible] তাহার বিশেষ প্রত কারক। মূল্য ২ টা, মায় ডাকমাশুল।

অর্শরোগের মহৌষধ।

বিশেষ পরীক্ষা দ্বারা প্রতিপন্ন হইয়াছে যে ইহা দ্বারা সর্ব্বপ্রকার অর্শ এককালে আরোগ্য হয়। মূল্য ১৷০ টাকা মায়ডাক মাশুল।

টাকরোগের মহৌষধ।

অনেকের বিশ্বাস যে, টাক কখন আরোগ্য হয় না কিন্তু এ ঔষধ ব্যবহার করিলে সে মত অবশ্যই দূর হইবে। মূল্য ১৷০ টাকা মায় ডাকমাশুল।

উক্ত ঔষধ কয়েকটি কর্ণ[illegible] ষ্ট্রিট ৩৪ নং ভবনে শ্রীযুক্ত বেহারিলাল [illegible]ড়ীর নিকট পাওয়া যাইবে। ২৩

বিজ্ঞানসার উপক্রমণিকা ২২২ পৃষ্ঠা ৬৩ খানি চিত্র সম্বলিত মূল্য ১ এক টাকা ডাক মাশুল ৴০ আনা। বাঙ্গালা ও মাইনর ছাত্রবৃত্তি পরীক্ষার নির্দ্দিষ্ট সমুদায় বিজ্ঞানই ইহা[illegible]

বিজ্ঞানসার সম্বন্ধে সংবাদ পত্রের মত।

This work is eminently fitted as a text book for schools * * It can be safely used for the purpose of scientific instruction. The production does credit to his (author's) abilities and scholarship.—*Indian Mirror* Aug. 23.1872.

The author Baboo Beereshur Panda deserves great credit for the attempt he hs made. * * * The book will form a good text for schools.—*Hindoo Patriot* Aug. 26. 1872.

গ্রন্থ খানি যে কেবল সরল ভাষায় লিখিত হইয়াছে এমন নহে, ইহাতে অতি সরল প্রাণালীও অবলম্বিত হইয়াছে। অল্পমাত্র সাহায্য লাভ হইলে বালক বালিকারা এখানি অনায়াসে বুঝিতে পারিবে।—সোমপ্রকাশ, ২১শে ফাল্গুন।

বাঙ্গালা ও মাইনর ছাত্রবৃত্তি পরীক্ষার্থীদিগের এপুস্তক পাঠে বিশেষ উপকা[illegible]।—অমৃত বাজার পত্রিকা।

মাভৈঃ।

একজন ফরাশীশ পণ্ডিত "বাইবল ইন ইণ্ডিয়া" নামক এক[illegible] পুস্তকে লিখিয়াছেন যে, যে দেশ জগতের জ্ঞান, ধর্ম্ম, বিদ্যা ও দর্শন শাস্ত্রের ভাণ্ডার [illegible] দেশের এরূপ দুর্গতি কেন হইল। তিনি বলেন ব্রাহ্মণেরা অপর জাতির উপর কঠোর শাসন ও জাতিভেদ প্রভৃতি প্রবর্ত্তিত করিয়া মহাপাপ করেন এবং সেই মহাপাপের নিমিত্ত ভারতবর্ষের এরূপ হীন অবস্থা উপস্থিত হইয়াছে। ফরাশীশ গ্রন্থকর্ত্তা ভারতবর্ষের পতনের যে কারণ প্রদর্শন করিয়াছেন সেটী প্রকৃত কারণ না হইতে পারে, কিন্তু কোন বিশেষ মহাপাপের নিমিত্ত যে এরূপ রাজ্যের এরূপ দুর্গতি হইয়াছে, তাহার কোন ভুল ন[illegible] [illegible]ঃশাসন দ্রৌপদীর কেশাকর্ষণ পূর্ব্বক [illegible] গিয়া অপমান করে [illegible] নিজ উরুর উপর উপবিষ্ট [illegible]ন, তখন ভীমসেন প্রতিজ্ঞা করেন যে [illegible] পর্য্যন্ত দুর্য্যোধনের উরু ভঙ্গ ও দুঃশাসনের মস্তকচ্ছেদন করিয়া তাহার রুধির পান না করিবেন তত দিন দ্রৌপদীর কেশ বন্ধন করিতে দিবেন না। দ্রৌপদীর অপমানের তের বৎসর পরে কুরুক্ষেত্রের যুদ্ধ হয়। এই পর্য্যন্ত দ্রৌপদী মুক্তকেশা ছিলেন। ভীম নিজ প্রতিজ্ঞা পালন করিলেন এবং শত্রু শোণিতাক্ত হস্তে দ্রৌপদীর কেশ বন্ধন করিয়া দিলেন, অথচ ভীমের জ্যেষ্ঠ যুধিষ্ঠির [illegible] চূড়ামণি ছিলেন, অর্জ্জুন বীরাগ্রগণ্য ছিলেন [illegible] শত্রু [illegible] ছিল তত দিন দেশের শ্রীবৃদ্ধি ছিল। যে দেশের লোকের যখন [illegible]পাতনের স্পৃহা বলবৎ হইয়া উঠিয়াছে [illegible] তখন বিখ্যাত হইয়াছে। ইউরোপীয় [illegible]তিগণের মধ্যে অদ্যাপি এই স্পৃহাটী বলবৎ রহিয়াছে বলিয়া ইহাদিগের পতন অদ্যাপি আরম্ভ হয় নাই। ইংলণ্ড এই নিমিত্ত ভারতবর্ষের একছত্রাধিপ হইয়াছেন, ফরাশীশরা এই নিমিত্ত সর্ব্বোচ্চ জাতি হন, প্রুশিয়ার জয় পতাকা এই নিমিত্ত উড্ডীয়মান হইয়াছে এবং আমেরিকা এই নিমিত্ত দাস ব্যবসায় পাপ দেশ হইতে দূরীকৃত করিতে পারিয়াছেন। কিন্তু ব্রাহ্মণেরা আমাদিগকে ইহার বিপরীত উপদেশ দেন। তাঁহারা আমাদিগকে বলেন অহিংসা পরম ধর্ম্ম, তাঁহারা আমাদিগকে সংসারের অনিত্যতা শিক্ষা দেন, এবং যে অবধি এই সমুদয় উপদেশ আমাদিগের সংসারে প্রবেশ করিয়াছে, [illegible] অবধি ভারতের পতন আরম্ভ। পৃথিবী [illegible]ন্দর হয় নাই। ঈশ্বর এখনও [illegible] আমাদের মন হইতে উৎপাটন করিলেন, অথচ দুর্দ্দান্ত [illegible] জাতি কর্ত্তৃক আমরা পরিবেষ্টিত রহিলাম। ব্রাহ্মণেরা আমাদের [illegible] অস্ত্র কাড়িয়া লইলেন, কিন্তু আমরা বা[illegible] পরিবেষ্টিত রহিলাম। সুতরাং দেশ পতিত হইল। ব্রাহ্মণেরা এই মহা পাপ করেন এবং আমরা সহস্র বৎসর নরক ভোগ করিয়াও ইহার প্রায়শ্চিত্ত করিতে পারিলাম না। এ পাপের প্রায়শ্চিত্ত যে কবে কিসে হইবে তাহা জগদীশ্বর জানেন। পূর্ব্বকালে লোকের কোন মহা পাপ হইলে পাপের প্রায়শ্চিত্ত জন্য তাহারা বলিদান দিয়া পাপ হইতে উদ্ধার হইত। যখন সংসার পাপ পূর্ণ হই[illegible] উঠে তখন যীশু খৃষ্ট নিজের রক্ত পাতে পৃথিবী উদ্ধার করেন। আমাদের শাস্ত্রে কথিত আছে যে প্রথমে পৃথিবী মনুষ্য জাতির বাসে যোগ্য ছিল না। বিষ্ণু [illegible]কৈটভ বধ করিয়া উহার উন্নতি সাধন করিলেন। আমেরিকা দাস ব্যবসায় জন্য যে মহা পাপ করেন তিনি সে দিবস আত্মীয় স্বজনের রক্তে সে পাপের প্রায়শ্চিত্ত করিয়াছেন। আমাদের যদি সে কালের ন্যায় বলি দান দ্বারা পাপ প্রায়শ্চিত্ত হইবে এইরূপ বিশ্বাস থাকিত তাহা হইলে নয় আমরা সহস্র পশুমেধ যজ্ঞ করিতাম, প্রয়োজন হইলে নয় নরবলি দিতাম। কিন্তু আমাদের সে বিশ্বাস গিয়াছে এবং নরবলি দিয়া দেশ উদ্ধার করার মহত্বও হিন্দু জাতির আর নাই। কিন্তু মাঘ মাসের বঙ্গদর্শনে একটি কবিতা পাঠে আমাদের অনেক আশার সঞ্চার হইল। এই কবিতাটী একটী চতুর্দ্দশ বর্ষ বয়স্ক বালকের রচিত। আমরা বোধ হয় এই বালকটীকে চিনি। কবিতাটীর কিয়দংশ আমরা উদ্ধৃত করিলাম।

কতদিন দিবাকর উদিছে গগনে;
রক্তিম বরণ ধরি, বিহারিয়া শূন্যোপরি,
রঞ্জন করেছে যত ভারত সন্তানে।
এবে কেন সেই সূর্য্য নাহি লাগে মনে?

সুনীল অম্বরে ঐ ভাসে শশধর।
লইয়া তারকা মালা, গগনে করিছে খেলা,
অমর বেষ্টিত যথা দেব পুরন্দর।
নৈশ নীল অন্তরীক্ষে শোভে ক্ষপাকর।

[illegible] ধরণীতল স্নিগ্ধ চন্দ্র করে।
স্বচ্ছ শ্বেত বাস পরি, অবনী সাজিল মরি,
কিবা শোভা মনোলোভা ভূতলে, অম্বরে।
এ সকলে দুঃখ কেন হতেছে অন্তরে?

কেন নাহি ভাল লাগে বসন্ত শ্বসন?
যবে তুই ফুলবালা, গলেধরি করে খেলা
দোলাইয়া যায় যদি মলয় পবন;
কেন বা সবার সুখে দুঃখী এত মন?

সুপুচ্ছ বিস্তৃত করি যত শি[illegible]
দেখি নব [illegible]
[illegible]
বিষাদ [illegible]

ম[illegible]
হৃজি[illegible]তা, ভুবনে ভারত মাতা
[illegible]প্রাণ ভয়ে দিনু তাঁরে যবনের করে।
[illegible] হিন্দুর নাম কলঙ্ক সাগরে॥

[illegible] ইরম্মদ কাল মেঘ হতে।
ভাঙ্গিয়া ভারত মুণ্ড [illegible]
দহিল মায়ের দেহ, অতুল্য জগতে।
অস্থি ভস্ম [illegible] আছে কি আর ভারতে?

কত দিবা অস্তে যায় কত রাত্র আসে,
এ রাত্র কি [illegible] পোহাবে, এমনি রহিয়া যাবে,
হবে না কি সূর্য্যোদয় ভারত আকাশে?
অন্ধকার রহিবে কি ভারত আবাসে?

ঈশ্বর করুণা ময়। তিনি তাহার একটি পুত্রের ক্রন্দন চক্ষে দেখিতে পারেন না। ভারতবর্ষের জন সংখ্যা বিশ কোটী লোক এবং ইহার চতুর্দ্দশ বৎসরের বালক যখন দেশের দুর্গতির নিমিত্ত ক্রন্দন করিতেছে তখন আর ভয় নাই। ঈশ্বর পূর্ণ বয়স্ক মনুষ্যের ক্রন্দন শুনিয়াও যদি স্থির থাকিতে পারেন কিন্তু যখন সুমতি বালকেরাও দেশের দুর্গতির নিমিত্ত ক্রন্দন করিতে আরম্ভ করিয়াছে তখন ভারতবর্ষের উদ্ধারের আর বিলম্ব নাই। একবার হিন্দু জাতির মধ্যে এরূপ ক্রন্দন রোল উঠে এবং ঈশ্বর আমাদিগকে উদ্ধার করেন। তিনি সহস্র সহস্র ক্রোশ দূর হইতে অকুল পাথার উল্লংঘন করাইয়া ইংরাজ জাতিকে এ দেশে লইয়া অহৈসেন এবং আমাদিগকে উদ্ধার করেন। আবার সেই ক্রন্দনের রোল উঠিয়াছে। ইহাতে ঈশ্বর ইংরাজ দিগকে জাগরিত করিয়া বুঝাইয়া দিবেন যে তাঁহাদের দয়া ব্যতীত আর আমাদের গতি নাই।

বঙ্গসঙ্গীত বিদ্যালয়।

গত মঙ্গলবার বঙ্গ সঙ্গীত বিদ্যালয়ে সাম্বৎসরিক পারিতোষিক বিতরণ উপলক্ষে একটী সভার অধিবেশন হয়। সভাতে অনুন পাঁচ শত ইংরাজ ও দেশীয় ভদ্রলোক উপস্থিত হন। ফাদার লাফোঁ সভাপতির আসন গ্রহণ করেন। ফাদার লাফোঁ ইংরাজিতে একটী বক্তৃতা করিয়া ছাত্রদিগকে পারিতোষিক বিতরণ করেন। সর্ব্বোৎকৃষ্ট বালকদ্বয় দুইটী মেডেল ও অপর কয়েক জন কয়েকটী সঙ্গীত যন্ত্র পুরস্কার প্রাপ্ত হয়। পুরস্কার বিতরণ হইলে তাহার পর ছয় রাগের একটী অভিনয় প্রদর্শিত হয়। এটী একটী অপূর্ব্ব দৃশ্য। আমরা যখন এক একটী রাগের প্রতিমূর্ত্তি দেখিতে লাগিলাম তখন আমাদের এক একটী সুখ প্রস্রবণের দ্বার উদ্ঘাটিত হইতে লাগিল। শ্রীরাগ একটী বিদ্যাধরী সঙ্গে করিয়া নব প্রস্ফুটিত পুষ্প রাজী নিকুঞ্জ বন হইতে চয়ন করিতেছেন। বসন্তের শরীর পীত বসনে সুসজ্জিত, পার্শ্বে মধুর হাসিনী রমণীগণের বিস্ফারিত নেত্র হই[illegible] স্নিগ্ধ রশ্মি নিক্ষিপ্ত হইতেছে। [illegible] তাহার জটাজুট [illegible]লে অর্দ্ধ চন্দ্র [illegible] কর্ণ চক্ষু রক্তিম বরণ, [illegible] যৌবন এবং মধুর ভাব। মেঘের নীল [illegible] মূর্ত্তি। নট নারায়ণের তুরঙ্গো[illegible] রক্তাক্ত কলেবর ও বীর আকৃতি! এই সকল দৃশ্য দর্শনে আমাদের হৃদয়ে এক একটী নূতন অচিন্তনীয় ভাবের আবির্ভাব করিল। যে মহাপুরুষের এই সমুদয় রাগগণকে মূর্ত্তিমান করিয়া[illegible] তাহারা কি দৈব শক্তি সম্পন্নই ছিলেন! যে [illegible] কর্ত্তৃক এই সমুদয় অলৌকিক সুখ-প্রস্রবণ আবিষ্কৃত হইয়াছিল সে জাতি কি মহত্বই